

## ■■ জাল হাদীছের কবলে রাসূলুল্লাহ (ছাঃ)-এর ছালাত

বিভাগ/অধ্যায়ঃ মসজিদ সমূহ রচয়িতা/সঙ্কলকঃ মুযাফফর বিন মুহসিন

- (৯) সর্বদা মসজিদে নির্দিষ্ট স্থানে ছালাত আদায় করা
- (৯) সর্বদা মসজিদে নির্দিষ্ট স্থানে ছালাত আদায় করা :

অনেকের মাঝে এই অভ্যাস পরিলক্ষিত হয়। এটা ইসলামে নিষিদ্ধ।

عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ شِبْلِ قَالَ نَهَى رَسُوْلُ اللهِ عَنْ ثَلَاثٍ عَنْ نَقْرَةِ الْغُرَابِ وَعَنْ فِرْشَةِ السَّبُعِ وَأَنْ يُوَطِّنَ الرَّجُلُ الْمُكَانَ الَّذِي يُصلِّي فِيْهِ كَمَا يُوَطِّنُ الْبَعِيْرُ.

আব্দুর রহমান ইবনু শিবল বলেন, 'রাসূল (ছাঃ) তিনটি বিষয়ে নিষেধ করেছেন : (১) ছালাতের মধ্যে কাকের মত ঠোকাতে (২) চতুপ্পদ জন্তুর মত হাত বিছিয়ে দিতে এবং (৩) ছালাত আদায়ের জন্য নির্দিষ্ট স্থান নির্ধারণ করতে, যেমন উট তার স্থান নির্ধারণ করে'।[1] মুছল্লী ফর্য ছালাত যেখানে আদায় করবে, সেখান থেকে ডানে বা বামে, সামনে বা পিছনে সরে গিয়ে সুন্নাত ছালাত আদায় করার নির্দেশ হাদীছে এসেছে।[2] এমনকি ইমামকেও তার স্থানে সুন্নাত পড়তে নিষেধ করা হয়েছে।[3]

## ফুটনোট

- [1]. ছহীহ ইবনে মাজাহ হা/১৪২৯, পঃ ১০৩; আবুদাউদ হা/৮৬২।
- [2]. ইবনু মাজাহ হা/১৪২৭, পৃঃ ১০৩; আবুদাঊদ হা/১০০৬, ১/১৪৪ পৃঃ, 'ছালাত' অধ্যায়, 'সুন্নাত ছালাত ফরয ছালাতের স্থান থেকে সরে গিয়ে পড়া' অনুচ্ছেদ।
- [3]. আবুদাঊদ হা/৬১৬, ১/৯১; ইবনু মাজাহ হা/১৪২৮, পৃঃ ১০৩।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1850

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন